

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আনোয়ারা, চট্টগ্রাম।
তথ্য বাতায়ন: anwara.chittagong.gov.bd

স্মারক নং: ০৫.৪২.১৫১৮.৫১৪.৩০.০০১.২৩-২২৭০

তারিখ: ০৮/০৫/২০২৩

বিষয়: সকল ধরনের নাগরিক সনদ, জাতীয় পরিচয়পত্র ও জন্ম নিবন্ধন সার্ভারে যাচাই এর মাধ্যমে এটুআই কর্তৃক উদ্ভাবিত (www.prottoyon.gov.bd) সিস্টেমের মাধ্যমে প্রদান প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র উপজেলার সকল ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান, সচিব ও উদ্যোক্তাগণকে গত ২৩.০২.২০২৩ তারিখে (www.prottoyon.gov.bd) সিস্টেম এর মাধ্যমে সকল প্রকার নাগরিক সনদ প্রদান করার জন্য একটি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় ইউনিয়ন পরিষদের প্রতিনিধিগণ প্রত্যয়ন সিস্টেমের মাধ্যমে সকল প্রকার নাগরিক সনদ দেওয়ার প্রতিশ্রুতি প্রদান করলেও উক্ত কথার ব্যত্যয় ঘটে। এমতাবস্থায়, আগামী ০১.০৬.২০২৩ তারিখ হতে সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদকে প্রত্যয়ন (www.prottoyon.gov.bd) সিস্টেম এর মাধ্যমে সকল নাগরিক সনদ প্রদান করার জন্য অনুরোধ করা হলো।



(মো: ইশতিয়াক ইমন)
উপজেলা নির্বাহী অফিসার
আনোয়ারা, চট্টগ্রাম

মোবাইল: ০১৩২১-৮৭৭০০০

ই-মেইল: unoanwara@mopa.gov.bd

বিতরণ:

১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল)।

২। সচিব, ইউনিয়ন পরিষদ (সকল)।

৩। উদ্যোক্তা, ইউনিয়ন পরিষদ (সকল)।

অনুলিপি:

জেলা প্রশাসক, চট্টগ্রাম